



বাংলাদেশ সাবমেরিন ক্যাবলস পিএলসি (বিএসসিপিএলসি)

রহমান'স রেগনাম সেন্টার (৮ম ও ৯ম তলা)

১৯১/১, তেজগাঁও-গুলশান লিংক রোড, ঢাকা-১২০৮।

ফোন : ৮৮ ০২ ২২৬৬০৩৩১৫-১৬, ফ্যাক্স : ৮৮ ০২ ২২৬৬০৩৩২২

ওয়েব সাইট : www.bscccl.com




মূল্য সংবেদনশীল তথ্য

২৮শে ডিসেম্বর ২০২১খ্রি. তারিখে অনুষ্ঠিত বিএসসিপিএলসি-এর পরিচালনা পর্ষদের ১৯৫তম সভার সিদ্ধান্ত মোতাবেক একনেকে অনুমোদিত “Regional Submarine Telecommunications Project, Bangladesh” (Installation and Establishment of Second Submarine Cable System (SMW-5) for International Telecommunications in Bangladesh) শীর্ষক উন্নয়ন প্রকল্পের আওতায় ইকুইটি মানি হিসেবে প্রাপ্ত ১৬৬ কোটি টাকার বিপরীতে সাধারণ শেয়ার ইস্যুর বিষয়ে সম্মতি প্রদানের নিমিত্ত সরকারের অর্থ বিভাগে প্রস্তাব প্রেরণ করা হলে উক্ত বিভাগ হতে বর্ণিত ইকুইটি মানির বিপরীতে ৭৫ টাকা দরে সাধারণ শেয়ার ইস্যুর বিষয়ে সম্মতি জ্ঞাপন করা হয়। এ প্রেক্ষিতে ২৩ সেপ্টেম্বর ২০২৩খ্রি., শনিবার, সকাল ১০:৩০ ঘটিকায় অনুষ্ঠিত বিএসসিপিএলসি-এর পরিচালনা পর্ষদের ২১৫তম সভায় সার্বিক বিবেচনায় বর্ণিত ১৬৬ কোটি টাকা ইকুইটি মানির বিপরীতে ৭৫ টাকা (অভিহিত মূল্য ১০ টাকা এবং অধিহার ৬৫ টাকা) করে সর্বমোট ২,২১,৩৩,৩৩৩টি সাধারণ শেয়ার যথাক্রমে শেয়ারহোল্ডারগণের সাধারণ সভার সিদ্ধান্ত ও বিএসসিপিএলসি'র অনুমোদনক্রমে সরকারের পক্ষে সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগের অনুকূলে ইস্যুর বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। একই সাথে উক্ত সভা হতে এতৎবিষয়ে একটি বিশেষ সাধারণ সভা আয়োজনের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। উল্লেখ্য যে, গত ২৮শে ডিসেম্বর ২০২১খ্রি. তারিখে প্রকাশিত মূল্য সংবেদনশীল তথ্যের ধারাবাহিকতায় অদ্যকার মূল্য সংবেদনশীল তথ্যটি প্রকাশ করা হলো। বিষয়টি সংশ্লিষ্ট সকলকে অবহিত করা হলো।

পরিচালনা পর্ষদের নির্দেশক্রমে

তারিখ, ঢাকা
২৩ সেপ্টেম্বর ২০২৩খ্রি.।



(মোঃ আব্দুস সালাম খান, এফসিএস)
কোম্পানি সচিব (মহাব্যবস্থাপক), বিএসসিপিএলসি
ফোন-০২-২২৬৬০৩৩০৩
ই-মেইল- cs@bscccl.com